

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রদত্ত বিভিন্ন সেবা প্রদান বিষয়ক, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনের স্টেকহোল্ডারদের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ দুলাল মিয়া  
উপপরিচালক (ভারপ্রাপ্ত)  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

সভার তারিখ ও সময় : ৩০/০৩/২০২২ খ্রিঃ ও ১১:০০ ঘটিকা।

স্থান : উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট- 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রদত্ত বিভিন্ন সেবা প্রদান বিষয়ক, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনের স্টেকহোল্ডারদের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভার উপস্থিতিতে আলোচ্য বিষয়ের বিস্তারিত আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	অগ্নিনির্বাপন, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা	সংবাদ প্রাপ্তির সাপেক্ষে ঘটনাস্থলে গমন ও অগ্নিনির্বাপন, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদানসহ দ্রুততার সাথে হাসপাতালে প্রেরণ করা হয়।	সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক, স্টেশন অফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ
২.	আবাসিক/বাণিজ্যিক বহুতল ভবনের ছাড়পত্র	আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র লিখিত/ অনলাইনের মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন সঠিক তথ্য-প্রমাণের ভিত্তিতে ৩০ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক আবাসিক/বাণিজ্যিক বহুতল ভবনের ছাড়পত্র প্রদান করা হয়।	সহকারী পরিচালক, উপ সহকারী পরিচালক ও ওয়্যারহাউজ ইন্সপেক্টর
৩.	ফায়ার লাইসেন্স প্রদান	আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র দাখিল পূর্বক অনলাইনের মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে ফায়ার লাইসেন্স প্রদান করা হয়।	সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক ও ওয়্যারহাউজ ইন্সপেক্টর
৪.	এ্যাম্বুলেন্স সেবা	সংবাদ প্রাপ্তি সাপেক্ষে ঘটনাস্থলে গমন এবং রোগী পরিবহন করে হাসপাতাল অথবা গন্তব্যস্থলে প্রেরণ করা হয় (মুহ দেহ এবং সংক্রামক রোগী বহন করা হয় না)।	উপপরিচালক সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৫.	প্রশিক্ষণ পরামর্শ, সার্ভে ও মহড়া	সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আবেদন প্রাপ্তির ০১ মাসের মধ্যে নির্দিষ্ট তারিখ ও সময়ে নির্ধারিত কমিটি/সংশ্লিষ্ট ফায়ার স্টেশন/নির্ধারিত প্রশিক্ষক প্যানেল কর্তৃক অগ্নি প্রতিরোধ ও নির্বাপন, উদ্ধার এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ পরামর্শ, সার্ভে ও মহড়া প্রদান করা হয়।	সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক ও স্টেশন অফিসার
৬.	টেলিফোন নম্বর অবহিত করণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের টেলিফোন নম্বর সমূহ জনগণকে অবহিত করণের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ পূর্বক নিকটস্থ ফায়ার স্টেশন ও বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষের নম্বরসমূহ ফায়ার লাইসেন্স, সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স/ বাড়ির হোল্ডিং নম্বরে সংযুক্ত করণের মাধ্যমে অবহিত করা হয়।	সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক ওয়্যারহাউজ ইন্সপেক্টর ও সংশ্লিষ্ট স্টেশন অফিসার

ফায়ার সার্ভিসের বিভিন্ন সেবা প্রদান নিশ্চিত করণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এ সংক্রান্ত বিষয়ে অভিযোগ/মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। অভিযোগ/মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয় এবং অবহিতকরণ সভায় অংশগ্রহণের জন্য সভায় উপস্থিত সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

—

মোঃ দুলাল মিয়া

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫-৫২(৪০),

তারিখঃ ১৭ চৈত্র' ১৪২৮  
৩০ মার্চ' ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ৪। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৫। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট।
- ৬। ওয়ার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট-১/২/৩।
- ৭। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..... (সকল)।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।

  
উপপরিচালক (ভারপ্রাপ্ত)  
ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।